দৈনিক বাংলা

15 JAN 1997

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে অনার্স ভর্তি পরীক্ষা স্থগিত

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা** ঃ বিবদমান ছাত্র সংগঠন ছাত্রলীগ (শা–পা) ও শিবিরের মধ্যে গত ৮ জানুয়ারী সংঘর্ষের পর সৃষ্ট উত্তেজনা অব্যাহত থাকায় এবং সার্বিক পরিস্থিতির অবনতি ঘটায় কর্তৃপক্ষ ১৯৯৬–৯৭ শিক্ষাবর্ষের অনার্সের ভর্তি পরীক্ষা স্থগিত ঘোষণা করেছে। গত ১২ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও ভারপ্রাপ্ত ভিসি কে এম রশীদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত ভর্তি কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। ভর্তি কমিটি জানিয়েছে, ভর্তি পরীক্ষা আপাতত স্থগিত করা হয়েছে। তবে পরবর্তীতে পুনরায় ভর্তি পরীক্ষার সময়সূচী জানানো হবে। উল্লেখ্য, আগামী ১৮, ১৯, ২০, ২১, ২২ ও ২৩ জানুয়ারী যথাক্রমে ক, খ, [illegible] ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। এদিকে, ছাত্রলীগ (শা–পা) ও জাতীয়তাবাদী ছাত্রদল ভর্তি পরীক্ষা স্থগিতের বিরুদ্ধে নিন্দা জানিয়ে তাৎক্ষণিকভাবে ক্যাম্পাসে মিছিল বের করে।

ছাত্রশিবিরের বিশ্ববিদ্যালয় বন্ধের মধ্যে ভর্তি পরীক্ষা না গ্রহণ করার জন্য কর্তৃপক্ষের কাছে দাবী জানিয়েছিল। উল্লেখ্য, গত ৮ জানুয়ারী শিবির ছাত্রলীগ সংঘর্ষে ইসলামী বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে গেছে।